দৈনিক ইত্তেফাক

তারিখ 04 SEP 1989
পৃষ্ঠা ১ কলাম ৫

১২/

142

# বরিশালে জামায়াত ও শিবির কার্যালয়ে অগ্নিসংযোগ ঃ ছাত্রদল নেতা গ্রেফতার

বরিশাল প্রতিনিধির টেলিফোন ঃ কতিপয় ব্যক্তি গতকাল (রবিবার) বিকালে শহরের বগুড়া রোডে ইসলামী ছাত্র শিবিরের জেলা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## বরিশালে

(১ম পৃষ্ঠার পর)

শাখা দপ্তর ও জামায়াতে ইসলামীর কার্যালয়ে হামলা চালাইয়া অফিস তছনছ ও পরে অফিসে অগ্নি-সংযোগ করে। দমকল বাহিনী দ্রুত আগুন আয়ত্তে আনে। শিবির অভিযোগ করিয়াছে, জাতীয়তাবাদী ছাত্রদল এই কাজ করে। এদিকে সন্ধ্যায় পুলিশ জাতীয়তাবাদী ছাত্রদল জেলা শাখার সভাপতি আলী আসগর ফকিরকে গ্রেফতার করিয়াছে। এই গ্রেফতারের প্রতিবাদে ২২টি ছাত্র সংগঠন আজ (সোমবার) শহরের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ধর্মঘটের ডাক দিয়াছে।

গত শনিবার রাতে বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রাবাসের দুইটি কক্ষে কতিপয় ব্যক্তি হামলা চালাইয়া শিবিরের নয়জন ছাত্রের কাপড়-চোপড় ও বিছানায় অগ্নিসংযোগ করে। ঐ ছাত্রেরা ভয়ে ছাত্রাবাস ত্যাগ করে।